

📃 আল-কাসাস | Al-Qasas | ٱلْقَصيَص

আয়াতঃ ২৮: ৭১

আরবি মূল আয়াত:

قُل آرَءَيتُم إِن جَعَلَ اللَّهُ عَلَيكُمُ الَّيلَ سَرِمَدًا اِلْى يَوم القِيمَةِ مَن اللهُ غَيرُ اللهِ يَاتِيكُم بضِيَآءٍ ؟ أَفَلَا تَسمَعُونَ ﴿٧١﴾

△ ব্রবাদসমূহ:

বল, 'তোমরা ভেবে দেখেছ কি, যদি আল্লাহ রাতকে তোমাদের উপর কিয়ামত পর্যন্ত স্থায়ী করে দেন, তবে তাঁর পরিবর্তে কোন ইলাহ আছে কি যে তোমাদের আলো এনে দেবে? তবুও কি তোমরা শুনবে না'? — আল-বায়ান তোমরা কি ভেবে দেখেছ আল্লাহ যদি তোমাদের উপর রাতকে ক্নিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করতেন তাহলে আল্লাহ ছাড়া কোন ইলাহ আছে কি যে তোমাদেরকে আলো এনে দিত? তবুও কি তোমরা কর্ণপাত করবে না? — তাইসিরুল

বলঃ তোমরা কি ভেবে দেখেছ, আল্লাহ যদি রাতকে কিয়ামাতের দিন পর্যন্ত স্থায়ী করেন তাহলে আল্লাহ ব্যতীত এমন কোন ইলাহ আছে কি যে তোমাদেরকে আলোক দান করতে পারে? তোমরা কি কর্ণপাত করবেনা? — মজিবর রহমান

Say, "Have you considered: if Allah should make for you the night continuous until the Day of Resurrection, what deity other than Allah could bring you light? Then will you not hear?" — Sahih International

৭১, বলুন, আমাকে জানাও, আল্লাহ যদি রাতকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ ছাড়া এমন কোন ইলাহ আছে, যে তোমাদেরকে আলো এনে দিতে পারে? তবও কি তোমরা কর্ণপাত করবে না?

তাফসীরে জাকারিয়া

(৭১) বল, 'তোমরা ভেবে দেখেছ কি, আল্লাহ যদি রাত্রির অন্ধকারকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, তাহলে আল্লাহ ছাডা এমন কোন উপাস্য আছে কি. যে তোমাদের দিবালোক দান করতে পারে? তবুও কি তোমরা কর্ণপাত করবে না?'



তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3323

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন